তারিখ 20 MAR 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

৩

87

# ৮ হাজার প্রাইমারী শিক্ষকের ৯ মাস বেতন নাই

মাইনুল হাসান।। দেশের ৮ হাজার প্রাইমারী স্কুল শিক্ষক ও ৪শত সহকারী উপজেলা শিক্ষা অফিসারের বেতন গত জুন মাস হইতে বন্ধ রহিয়াছে। যে খাত হইতে তাহাদের বেতন দেওয়া হইত ঐ খাতে অর্থ না থাকায় প্রায় সাড়ে ৮ হাজার শিক্ষক ও কর্মকর্তার ভাগ্যে ৯ মাসেও বেতন জোটে নাই। সামনে ঈদ। এই অবস্থায় তাহাদের উৎকণ্ঠা ও দুশ্চিন্তা আরও বৃদ্ধি পাইয়াছে। (১১শ পৃঃ দ্রঃ)

## ৮ হাজার প্রাইমারী

(১ম পৃঃ পর)

জানা গিয়াছে ১৯৮৬ সনে দেশে এক হাজার নূতন সরকারী প্রাইমারী স্কুল স্থাপিত হয়। শিক্ষক নিয়োগ হয় ৪ হাজার। গত বছরের মে মাস পর্যন্ত-তাহাদের বেতন '২০৫ উন্নয়ন খাত' হইতে প্রদান করা হয়। ইহার পর বেতন বন্ধ। কারণ বিদেশী সাহায্যে ৬ বছর বেতন দেওয়ার পর সাহায্যের অর্থ শেষ হইয়া গিয়াছে। কিন্তু তাহারা চাকুরীচ্যুত হন নাই। রীতিমত ক্লাস করিতেছেন। একই-ভাবে দেশের বেশ কিছু প্রাইমারী স্কুলে ৪ হাজার অতিরিক্ত শিক্ষক নিয়োজিত আছেন। ছাত্র-শিক্ষক ৬০:১ অনুপাতে ঐ নিয়োগ দান করায় ঐ ৪ হাজার অতিরিক্ত শিক্ষকের বেতনও বন্ধ।

অন্যদিকে ৪ শত সহকারী উপ-জেলা শিক্ষা অফিসার যাহাদের বেতন উন্নয়ন খাত হইতে মিটানো হইত, তাহাদের বেতন প্রদানও বন্ধ রহিয়াছে। শিক্ষা বিভাগের একজন কর্মকর্তা জানান, এই শিক্ষক ও কর্মকর্তাদের 'স্থায়ী ১৩৭ রাজস্ব খাত' হইতে বেতন প্রদানের ব্যাপারে চিন্তাভাবনা চলিতেছে। তবে কবে নাগাদ বেতন দেওয়া হইবে তাহা তিনি নিশ্চিত করিয়া বলিতে পারেন না।